



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



সরকারিভাবে জর্ডানে গার্মেন্টস এ দক্ষ পুরুষ স্টাফ নিয়োগে সরাসরি সাক্ষাৎকার

বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.০০১.১৩.২৩/৯৩১

তারিখ: ০৬/০৪/২০২৫

বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানের Epic Designers LTD. Co.-এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ পুরুষ স্টাফ নিয়োগ করা হবে:

ক্র.নং	পদের নাম	শিক্ষাগত যোগ্যতা	পদের সংখ্যা	মাসিক মূল বেতন	
০১.	Assistant Manager (Production)/ এসিস্ট্যান্ট ম্যানেজার (প্রোডাকশন)	Bachelor's degree (Hons) in any discipline	০১ জন	800 (JD) ৮০০ জেডি	অনলাইন আবেদনের লিংক: https://brms.boesl.gov.bd/ (অনলাইন আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০/- টাকা ও চার্জ পরিশোধ করতে হবে)।
০২.	Production Supervisor / (প্রোডাকশন সুপারভাইজার)	Minimum HSC Pass	০২ জন	400 (JD) ৪০০ জেডি	

ইন্টারভিউয়ের জন্য আবশ্যিক অন্যান্য যোগ্যতা ও কাজের ধরণ:

ক্রমিক নম্বর ১ এর ক্ষেত্রে প্রযোজ্য:

- গার্মেন্টস সেক্টরে সংশ্লিষ্ট কাজে সর্বনিম্ন ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
- দৈনন্দিন উৎপাদন কার্যক্রমের পরিকল্পনা, সমন্বয় এবং বাস্তবায়নে প্রোডাকশন ম্যানেজারকে সহায়তা করা।
- কমপ্লায়েন্স এবং টিমের উৎপাদনশীলতা বজায় রাখার পাশাপাশি কাজের দক্ষতা, গুণমান এবং সময়মতো ডেলিভারি নিশ্চিত করা।

ক্রমিক নম্বর ২ এর ক্ষেত্রে প্রযোজ্য:

- গার্মেন্টস সেক্টরে সংশ্লিষ্ট কাজে সর্বনিম্ন ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
- উৎপাদন লক্ষ্যমাত্রা ও গুণমান নিশ্চিত করতে সেলাই লাইনের (Sewing line) কার্যক্রম তদারকিসহ পরিচালনা করা।
- গুণমান এবং কমপ্লায়েন্স নিশ্চিত করার পাশাপাশি অপারেটরদের দক্ষতা বৃদ্ধিসহ কাজের নিরবচ্ছিন্ন প্রবাহ বজায় রাখা।

বয়স:

- ৩০-৪২ বছর। তবে অভিজ্ঞতা ও দক্ষতা বিবেচনায় ৪৫ বছর পর্যন্ত গ্রহণযোগ্য (উভয় পদের জন্য প্রযোজ্য)।

চাকরির শর্তাবলি:

- দৈনিক ০৮ (আট) ঘন্টা ডিউটি, সপ্তাহে ০৬ (ছয়) দিন।
- চাকরির চুক্তি ০৩ (তিন) বছর (নবায়নযোগ্য)।
- নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং যাতায়াত ব্যবস্থা করা হবে।
- চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।
- যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত বলিয়া গণ্য হবেন।
- অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:

নির্বাচিত কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ, বহিঃগমন ট্যাক্স, ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, জীবন বীমা এবং ওয়েজ আর্নার্স কল্যাণ ফি বাবদ সমুদয় খরচ জর্ডানের নিয়োগকারী প্রতিষ্ঠান বহন করবে। তবে মেডিকেল ফি ১০০০ টাকা, পিডিও প্রশিক্ষণ ফি ৩০৫ টাকা, ফিজার প্লিন্ট ফি বাবদ ২০০ টাকা ও অঞ্জীকারনামা স্টাম্প বাবদ ৫০০ টাকা নির্বাচিত কর্মীদের বহন করতে হবে (উল্লেখ্য যে, মেডিকেল ফি'র ১০০০ টাকা চূড়ান্তভাবে গমনকৃত স্টাফদের নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধ করা হবে)।

পৃষ্ঠা ১ / ২

অফিস ঠিকানা:

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইন্টারন্যাশনাল গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001: 2015



যোগাযোগ নম্বর:

ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd



বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

“বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে”

স্থাপিত - ১৯৮৪



সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:

(১) ০৪ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা), (২) মূল পাসপোর্ট, একাধিক পাসপোর্ট থাকলে অবশ্যই পাসপোর্ট সঙ্গে নিয়ে আসতে হবে, মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০৫ (পাঁচ) সেট রঙিন ফটোকপি এবং পাসপোর্টের মেয়াদ কমপক্ষে ১ বছর থাকতে হবে, (৩) শিক্ষাগত/অভিজ্ঞতার সনদ (যদি থাকে) এবং (৪) ভোটার আইডির কপিসহ উল্লিখিত কাগজপত্র সাথে নিয়ে আগ্রহী প্রার্থীদের আগামী ১৩ এপ্রিল ২০২৬ তারিখ, রোজ সোমবার, সকাল ১০:০০ ঘটিকার মধ্যে সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য বোয়েসেল (৭ম, ফ্লোর), প্রবাসী কল্যাণ ভবন, ৭১-৭২ ইস্কাটন গার্ডেন, রমনা ঢাকা এ উপস্থিত থাকার অনুরোধ করা হলো। এ সংক্রান্ত কোন তথ্যের জন্য ০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫ ও ০২-৫৮৩১১৮৩৮ টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। এছাড়াও প্রবাসবন্ধু কল সেন্টার ১৬১৩৫ তে যোগাযোগ করা যেতে পারে।

বি.দ্র.: অনলাইনে আবেদন আপনাকে ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিবে, তবে চাকুরির নিশ্চয়তা বহন করবে না। চাকুরির জন্য আপনাকে অবশ্যই ট্রেড-টেস্ট/যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

অনলাইনে আগামী ১২ এপ্রিল ২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে বিকাল ০৫:০০ টা পর্যন্ত আবেদন করা যাবে।
নির্ধারিত তারিখ ও সময়ের আগে/পরে আবেদন করার কোন সুযোগ নেই।

বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষিত সনদধারীদের অগ্রাধিকার দেয়া হবে।
(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-কে কোন ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়)

০৬/০৪/২৬
মোহাম্মাদ ফয়সালউদ্দিন
ব্যবস্থাপক
বোয়েসেল, ঢাকা।

০৬/০৪/২৬
নু-এমং মারমা মং
উপ-মহাব্যবস্থাপক (বৈ.নি.)
বোয়েসেল, ঢাকা।

BOESL

পৃষ্ঠা ২/২

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

ISO 9001:2015



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১৮৩৮, ৪৮৩১৯১২৫, ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৩০৬৫২, +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd